

নগরীর মশা নিয়ন্ত্রণে সমস্যা

তৌহিদ উদ্দীন আহমেদ

বাংলাদেশের নগর, শহরগুলিতে মশা (কিউলেব্র ও এডিস) একটি প্রধান সমস্যা। দুই দশক আগ পর্যন্ত মশা সমস্যা কেবলমাত্র শুষ্ক মাসগুলিতে কিউলেব্র মশার দংশন-উপদ্রবে (Nuisance) সীমাবদ্ধ ছিল। গত ২০০০ সন থেকে বর্ষা মৌসুমে প্রায় বছরই ডেঙ্গি রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। আমাদের শহর-নগরগুলিতে মশা এখন সারা বছরের সমস্যা। সাম্প্রতিক বছরগুলিতে ডেঙ্গি রোগের প্রাদুর্ভাব মহামারীর রূপ নিয়েছে।

এ বছর ডেঙ্গি রোগীর সংখ্যা ইতিমধ্যেই গত ২১ বছরের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ পর্যায়ে পৌঁছে গেছে। দেশের জন্য এটা বিব্রতকর যে গত ৫০ বছরেও মশা সমস্যার কোনও সন্তোষজনক সমাধান হয়নি। এর অন্যতম প্রধান কারণ হচ্ছে যথাযোগ্য জনবল সমস্যা। সিটি কর্পোরেশনের কোন প্রশিক্ষিত জনবল নেই, যেমন, মেডিক্যাল কীটতত্ত্ববিদ। মশা নিবারণ, ডেঙ্গি, চিকুনগুনিয়া প্রতিরোধের জন্য এখন পর্যন্ত সরকার কোন পলিসি, নীতিমালা বা Guidelines তৈরি করতে পারেনি। তাই সিটি কর্পোরেশন ও পৌরসভা সমূহের মশক নিবারণ কর্মকান্ড সুনির্দিষ্ট দিকনির্দেশনার অভাবে প্রায়শই অকার্যকর হয়ে পড়ে।

Integrated Vector Management (IVM) ও Integrated Mosquito Management (IMM) বা সমন্বিত মশা ও সংক্রামক কীট ব্যবস্থাপনার মাধ্যমে মশা সমস্যার সমাধানের কোনও কার্যকরী উদ্যোগ নেওয়া হয়নি। IVM ও IMM কার্যক্রম এখন পর্যন্ত কতৃপক্ষের বক্তৃতা ও বিবৃতির মধ্যেই সীমাবদ্ধ আছে।

সমন্বিত কীট ব্যবস্থাপনায় নিরীক্ষণ, পরিবীক্ষণ, মূল্যায়ন (Surveillance, Monitoring, Evaluation) অত্যন্ত গুরুত্বপূর্ণ অনুষ্টি। কিন্তু কতৃপক্ষ এ বিষয়ে এখন পর্যন্ত কোনও গ্রহণযোগ্য কার্যক্রম গ্রহণ করেনি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা আরবোভাইরাসজনিত রোগ (যেমন, ডেঙ্গি, চিকুনগুনিয়া, জিকা) প্রতিরোধের জন্য রোগতাত্ত্বিক ও কীটতাত্ত্বিক নিরীক্ষার মধ্যে সমন্বয়ের সুপারিশ করে। কিন্তু কতৃপক্ষ এ ধরনের সুপারিশ গ্রহণ ও বাস্তবায়ন করেনি। মশক নিবারণ কর্মকান্ডে আধুনিক কীটনাশক ও যন্ত্রপাতি ব্যবহার করা হয় না। ডেঙ্গি, চিকুনগুনিয়া মহামারী প্রতিরোধের জন্য বিজ্ঞানসম্মত কর্ম পরিকল্পনার অভাব। জমা পানি ফেলে দিন বলে নগরব্যাপি দৌড়ঝাপ, কিছু লার্ভিসাইড ছিটানো ও ভুল ভাবে ফগিং এর মধ্যে তাদের ডেঙ্গি প্রতিরোধের কাজ সীমাবদ্ধ আছে। এতে মশাও মরে না, ডেঙ্গি রোগেরও নিয়ন্ত্রণ হয়না। তারা এই চলমান ডেঙ্গি মহামারীর সময় পূর্নাঙ্গ মশা না মেরে, লার্ভা মারার জন্য রাস্তায়, রাস্তায় ঢোল পিটিয়ে বেড়িয়েছে আর লোকজনকে বিশাল অংকের জরিমানা করেছে। এটা ছিল জনগণের সাথে একটা নিষ্ঠুর পরিহাস।

Mr. Touhid Uddin Ahmed
Medical Entomologist
Former Principal Scientific Officer, IEDCR
Mobile 01715416397
Email: tuahmed1941@gmail.com